# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

**হালিশহর শাখা, ফাতেমা টাওয়ার, প্লট নং-৭/এ, রোড় নং-২, লেইন-২, ব্লক-জি, হালিশহর, চট্টগ্রাম ।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মের্সাস টি, এল এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রোপ্রাইটর জনাব মো: ওহিদুর রহমান তুষার, পিতা: রফিক মিয়া, ব্যবসায়িক ঠিকানা- রফিক দফতরির বাড়ী, ফইল্লাতলী বাজারের পশ্চিম পাশ, খালের পাড় রোড, গলিচিপা পাড়া, দক্ষিণ হালিশহর, হালিশহর-৪২২৬, চট্টগ্রাম, বাসস্থানের ঠিকানা- রফিক দফতরির বাড়ী, ফইল্লাতলী বাজারের পশ্চিম পাশ, খালের পাড় রোড, গলিচিপা পাড়া, দক্ষিণ হালিশহর, হালিশহর-৪২২৬, চট্টগ্রাম, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, হালিশহর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋনগ্রহীতা মো: ওহিদুর রহমান তুষার তাহার মালিকানধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৪.১০.২০১৯ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩৯,৬৬,১০৫.৩৭ (উনচল্লিশ লক্ষ ছেষট্রি হাজার এক শত পাচঁ এবং পয়শা সায়ত্রিশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**<u>বন্ধকী সম্পত্তির তফসিল</u>**

জেলা-চট্টগ্রাম, থানা-সাবেক ডবল মুরিং তৎপর পাহাড়তলী হালে-হালিশহর, সাব-রেজিস্ট্রি অফিস- পাহাড়তলী, জে.এল. নং- ০৯, মৌজা-উত্তর হালিশহর, আর,এস খতিয়ান নং- ৩৬২, আর,এস দাগ নং- ৪০৪৫, বি, এস, খতিয়ান নং-১৬১৯, ১৬২০, বি, এস নামজারী খতিয়ান নং-৩৩০৯, বি, এস, দাগ নং-২০৮৩, ২০৮৪ মোট জমির পরিমাণ .০২৫০ শতাংশ তদুপরিস্থিত টিন শেড বাড়ী যাহার চৌহদ্দী, উত্তরে- শাহজানের সেমি পাকা বাড়ি, দক্ষিণে- ৫'-০" প্রসস্থ রাস্তা পরে মো: রফিক এবং মো: জহুর আলমের সেমি পাকা বাড়ি, পূর্বে - চলাচল পথ, পশ্চিমে - মো: রফিক এবং মো: জহুর আলমের সেমি পাকা বাড়ি ।

**<u>নিলামের শর্তাবলী</u>**

(১) আগামী ২৬/১১/২০১৯ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, হালিশহর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, হালিশহর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- ( দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পক্কাশ লক্ষ ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, হালিশহর শাখা, চট্টগ্রাম ।**